

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
প্রধান কার্যালয়  
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০।  
Website: [www.dnc.gov.bd](http://www.dnc.gov.bd)

নম্বরঃ-৫৮.০২.০০০০.০০৬.০৮.০০৮.২৩-৬৯

তারিখঃ ০৪/০১/২০২৪

অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (উত্তর) কার্যালয় হতে অবসর উত্তর ছুটি (পিআরএল) ভোগরত পরিদর্শক জনাব মোঃ ইদ্রিস আলী-কে এ অধিদপ্তর হতে ৫৮.০২.০০০০.০০৬.০৮.০০৮.২৩-৩১৫৭ নং সংখ্যক পত্র মূলে ১৪/০৯/২০২৩ তারিখে ০৭/০৯/২০২৩ হতে ০৫/১২/২০২৩ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৯০ (নব্বই) দিন বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। উক্ত মঞ্জুরকৃত বহিঃ বাংলাদেশ ছুটির প্রেক্ষিতে তিনি বিগত ১৯/০৯/২০২৩ তারিখ ফিলিপাইনের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করে ২০/০৯/২০২৩ তারিখ ফিলিপাইনে পৌঁছান, সে হিসেবে ১৭/১২/২০২৩ তারিখে তার অনুকূলে মঞ্জুরকৃত ৯০ (নব্বই) দিনের বহিঃবাংলাদেশ ছুটি শেষ হয়। বর্তমানে তিনি ফিলিপাইনে ম্যানিলা মেড হাসপাতালের সার্জিক্যাল অনকোলজি বিভাগের Dr. Jimmy B. Catapia এর অধীনে চিকিৎসাধীন থাকায় তার উন্নত চিকিৎসার স্বার্থে ১৮/১২/২০২৩ হতে ৩০/১২/২০২৩ পর্যন্ত মোট ১৩ (তেরো) দিন বহিঃবাংলাদেশ ছুটি শর্ত সাপেক্ষে নির্দেশক্রমে বর্ধিতকরণ করা হলো।

শর্তাবলীঃ

- (ক) উক্ত ভ্রমণে বাংলাদেশ সরকারের আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটিকালীন সময়ে বেতন ভাতাদি বাংলাদেশী মুদ্রায় গ্রহণ করবেন;
- (গ) এ ভ্রমণের সমস্ত প্রকার ব্যয়ভার তাঁর নিজস্ব উৎস থেকে বহন করবেন;
- (ঘ) উক্ত ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর বিধি-৩৪ Appendix viii Part-1 প্রযোজ্য হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাহুল সেন  
৪/১/২০২৪  
(রাহুল সেন)

সহকারী পরিচালক (কমন সার্ভিস)

ফোনঃ ০১৪০৪০৭২০২৫

ইমেইল: [adcs@dnc.gov.bd](mailto:adcs@dnc.gov.bd)

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
০৩. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, চট্টগ্রাম।
০৪. উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (উত্তর), চট্টগ্রাম।
০৫. প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
০৬. সহকারী পরিচালক (প্রশাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (কপি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো)।
০৭. স্টাফ অফিসার টু ডিজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. জনাব মোঃ ইদ্রিস আলী, পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, চট্টগ্রাম মেট্রোঃ (উত্তর), চট্টগ্রাম।
১০. অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. অফিস কপি।